

## 304204 - মাসীহ শব্দের অর্থ

## প্রশ্ন

‘মাসীহ’ উপাধিটির অর্থ কি? ইসলামে এর গুরুত্ব কতটুকু? ঈসা আলাইহিস সালামের সাথে এই উপাধিটি ব্যবহার করার প্রাসঙ্গিকতা কি?

## প্রিয় উত্তর

‘আল-মাসীহ’ ঈসা আলাইহিস সালামের উপাধি। তাকে এই উপাধি দেয়ার কয়েকটি কারণ আলেমগণ উল্লেখ করেছেন; যেমন:

১। আল্লাহ তাআলা তাঁকে মোছন করেছেন (مسح) তথা গুনাহ থেকে পবিত্র করেছেন।

২। তিনি ছিলেন বরকত দিয়ে মোছনকৃত (مسح)।

৩। কারো কারো মতে, কারণ তিনি যখনই কোন রোগগ্রস্তকে হাত দিয়ে মুছতেন তখন তারা সুস্থ হয়ে যেত। [দেখুন: তাফসিলে তাবারী (৫/৮০৯), মাক্কী রচিত ‘আল-হিদায়া (৩/১০১৩)]]

ইবনে আতিয়া (১/৮৩৬) বলেন: **شُبَّهُتِ الرَّسُولُ عَلَى الْمَسْحِ** শব্দটির উৎসমূলের ব্যাপারে মানুষ মতভেদ করেছে।

একদল বলেছেন: এটি **سَاحِيْحُ فِي الْأَرْضِ** অর্থাৎ পৃথিবীতে বিচরণ করা। সেক্ষেত্রে শব্দটির ওজন হচ্ছে: **مَمْحُلُّ**।

আর অধিকাংশ আলেমের মত হলো: **شُبَّهُتِ الرَّسُولُ عَلَى الْمَسْحِ** থেকে উদ্ভুত। তখন এর ওজন হবে: **فَعِيلٌ**।

এরপর তারা **مَسْح** থেকে এর রূপান্তর প্রক্রিয়া নিয়েও মতভেদ করেছেন।

একদল বলেছেন: তাঁকে এই নামে অভিহিত করা হয়েছে **الْأَرْضِ مَسَاحَة** থেকে। যেহেতু তিনি ভূমিতে বিচরণ করেছেন এতে করে যেন তিনি গোটা পৃথিবীকে করেছেন বা চমে বেড়িয়েছেন।

অন্যরা বলেছেন: তাঁকে এই নামে অভিহিত করা হয়েছে যেহেতু তিনি তাঁর হাত দিয়ে কোন রোগগ্রস্তকে মুছে দিলে সে সুস্থ হয়ে যেত। এই দুই অভিমতের ভিত্তিতে এখানে **فَاعِلٌ** শব্দ অর্থে ব্যবহৃত হয়েছে।

ইবনে জুবাইর বলেন: তাঁকে এই নামে অভিহিত করা হয়েছে যেহেতু তাঁকে বরকত দিয়ে মোছন (মোছন) করা হয়েছে।

অন্যেরা বলেছেন: তাঁকে এই নামে অভিহিত করা হয়েছে যেহেতু তাঁকে আল-কুদসের তেল দিয়ে মোছন করা হয়েছে। এই উক্তিদ্বয়ের আলোকে এখানে **فَاعِلٌ** শব্দ অর্থে ব্যবহৃত হয়েছে।

অনুরূপভাবে যারা বলেছেন: আল্লাহ্ তাকে মোছন করেছেন (عَصَمَ) তথা গুনাহ থেকে পবিত্র করেছেন। সেখানেও এই গঠনের ভিত্তিতে।

ইবাহিম নাখায়ী বলেছেন: আল-মাসীহ হচ্ছেন: আস্সিদিক (সত্যবাদী)।

ইবনে জুবাইর ইবনে আববাস (রাঃ) থেকে বর্ণনা করেছেন যে, মাসীহ হচ্ছেন: মালিক (বাদশাহ)। যেহেতু তিনি মৃতকে জীবিত করা ও অন্যান্য মোজেজাগ্নের মালিক। এটি দুর্বল অভিমত এবং ইবনে আববাস (রাঃ) থেকে সাব্যস্ত নয়।[সমাপ্ত]

আল্লাহই সর্বজ্ঞ।